নির্বাচন কমিশন
বাংলাদেশ
নির্বাচন কমিশন সচিবালয়
শেরে বাংলা নগর, ঢাকা

প্রজ্ঞাপন

তারিখ ঃ ৩০ আগস্ট ২০১৫ খ্রিষ্টাব্দ/১৫ ভাদ্র ১৪২২ বঙ্গাব্দ

১৭.০০.০০০০.০২৬.৩২.০০৫.১৫-২৩৪। নির্বাচন কমিশন সচিবালয়ের ৩০ জুন ২০১৫ তারিখের ১৭.০০.০০০০.০২৬.৩২.০০৫.১৫-৯১নং স্মারকে জারীকৃত প্রজ্ঞাপনের অনুবৃত্তিক্রমে (ঘ) নং ক্রমিকে বর্ণিত ভোটার তালিকা হালনাগাদ কার্যক্রম-২০১৫ উপলক্ষে সিটি কর্পোরেশন অঞ্চলের জন্য গঠিত "সিটি কর্পোরেশন সমন্বয় কমিটি" র পরিবর্তে নিম্নরূপভাবে "সিটি কর্পোরেশন সমন্বয় কমিটি" এবং "সিটি কর্পোরেশন আঞ্চলিক সমন্বয় কমিটি" গঠন করা হলঃ

(১) সিটি কর্পোরেশন সমন্বয় কমিটি

০১	আঞ্চলিক নির্বাচন কর্মকর্তা, সংশ্লিষ্ট নির্বাচনী অঞ্চল	আহবায়ক
০২	মেট্রোপলিটন পুলিশ কমিশনারের একজন প্রতিনিধি (অতিরিক্ত উপ পুলিশ কমিশনারের নীচে নয়)	সদস্য
০৩	সিটি কর্পোরেশনের একজন প্রতিনিধি (সিনিয়র সহকারী সচিব পদমর্যাদার নীচে নয়)	সদস্য
০৪	মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর এর একজন প্রতিনিধি (সহকারী পরিচালক পদমর্যাদার নীচে নয়)	সদস্য
০৫	মহাপরিচালক, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর এর একজন প্রতিনিধি (সহকারী পরিচালক পদমর্যাদার নীচে নয়)	সদস্য
০৬	প্রতিনিধি, সিভিল সোসাইটি (০৩-০৫ জন)	সদস্য
০৭	নারী বিষয়ে কাজ করে এমন এনজিওসমূহের ২ জন প্রতিনিধি	সদস্য
০৮	সিনিয়র জেলা নির্বাচন অফিসার/জেলা নির্বাচন অফিসার	সদস্য সচিব

(২) সিটি কর্পোরেশন আঞ্চলিক সমন্বয় কমিটি

০১	আঞ্চলিক নির্বাহী কর্মকর্তা, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন/ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন	আহবায়ক
০২	অতিরিক্ত উপ-পুলিশ কমিশনার/সিনিয়র সহকারী/সহকারী পুলিশ কমিশনার/ভারপ্রাপ্ত কর্মকর্তা	সদস্য
০৩	সহকারী পরিচালক/জেলা শিক্ষা অফিসার/জেলা প্রাথমিক শিক্ষা অফিসার (শিক্ষা অধিদপ্তর ও প্রাথমিক শিক্ষা অধিদপ্তরাধীন সংশ্লিষ্ট জোনের উপযুক্ত কর্মকর্তা)	সদস্য
০৪	সংশ্লিষ্ট জোনে অবস্থিত প্রধান প্রধান কলেজ/উচ্চ বিদ্যালয়ের অধ্যক্ষ/প্রধান শিক্ষক (প্রয়োজনীয় সংখ্যক)	সদস্য
০৫	সংশ্লিষ্ট সাধারণ ও সংরক্ষিত আসনের কাউন্সিলর	সদস্য
০৬	সুবিধাজনক অন্যান্য কর্মকর্তা	সদস্য
০৭	প্রতিনিধি, সিভিল সোসাইটি (০৩-০৫ জন)	সদস্য
০৮	নারী বিষয়ে কাজ করে এমন এনজিওসমূহের ২ জন প্রতিনিধি	সদস্য
০৯	সংশ্লিষ্ট থানা নির্বাচন অফিসার	সদস্য সচিব

কার্যপরিধিঃ

(১) ছবিসহ ভোটার তালিকা হালনাগাদকরণ কার্যক্রমে রেজিষ্ট্রেশন অফিসার/সহকারী রেজিষ্ট্রেশন অফিসারের উপর অর্পিত দায়িত্ব যথাযথভাবে প্রতিপালিত হচ্ছে কিনা তা নিশ্চিত করা;

(২) প্রয়োজনীয় জনবল, যানবাহন ও অন্যান্য আনুষঙ্গিক বিষয়াদির মাধ্যমে চাহিদা মোতাবেক রেজিষ্ট্রেশন অফিসার/সহকারী রেজিষ্ট্রেশন অফিসারকে সহযোগিতা প্রদান করা;

(৩) ভোটার রেজিষ্ট্রেশনের জন্য বাড়ী বাড়ী গমন করে তথ্য সংগ্রহকারীগণ নিবন্ধন ফরম পূরণ এবং রেজিষ্ট্রেশন কেন্দ্রে এসে ছবি তুলতে বা এ সংক্রান্ত কার্যক্রম গ্রহণে কোন সমস্যা হলে তাৎক্ষণিকভাবে তা সুরাহা করা;

(৪) যন্ত্রপাতি ও প্রযুক্তি সঠিক আছে কিনা তা পর্যবেক্ষণ করা।

(৫) যন্ত্রপাতি ব্যবহারে অপারেটরগণ কোন সমস্যার সম্মুখীন হচ্ছে কিনা তা পরিবীক্ষণ করা;

(৬) হালনাগাদকরণ কার্যক্রমে দায়িত্ব পালনকারীদের মধ্যে সমন্বয় ঠিকমত হচ্ছে কিনা তা পর্যবেক্ষণ করা;

(৭) তথ্য সংগ্রহকারী ও অন্যান্য জনবল নিয়োগ এবং তাদের উপর অর্পিত দায়িত্ব যথাযথভাবে প্রতিপালিত হচ্ছে কিনা তা নিশ্চিত করা;

(৮) দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা/কর্মচারী বা শিক্ষক বিশেষ করে তথ্য সংগ্রহ ও সুপারভাইজিং কাজে নিয়োজিত ব্যক্তিগণকে সার্বক্ষনিকভাবে এ সংক্রান্ত কাজে ন্যস্ত করার জন্য সংশ্লিষ্ট কর্তৃপক্ষকে নির্দেশ করা;

(৯) ইউনিয়ন পরিষদ/পৌরসভা বা কোন ওয়ার্ড ও ভোটার এলাকার সীমানা নির্দিষ্ট করতে কোন সমস্যা হলে সংশ্লিষ্ট সকলের সাথে আলাপ আলোচনার মাধ্যমে বিধি বিধান অনুযায়ী সমাধান করা;

(১০) হালনাগাদকরণ কার্যক্রম উপলক্ষে গৃহীত প্রশিক্ষণ কার্যক্রমে সহায়তা প্রদান করা;

(১১) হালনাগাদকরণে সকলকে উদ্বুদ্ধকরণ, গণসচেতনতা সৃষ্টি ও প্রচার কাজে মসজিদ, মন্দিরসহ বিভিন্ন ধর্মীয় উপসনালয়কে সম্পৃক্তকরণের ব্যবস্থা করা;

(১২) হালনাগাদকরণ কার্যক্রম সরেজমিনে পরিদর্শন করা;

(১৩) যাচাই কার্যক্রম সঠিকভাবে পরিপালনের লক্ষ্যে ইউনিয়ন/পৌরসভায় তত্ত্বাবধান-তদারক টিম গঠন করা;

(১৪) হালনাগাদকরণ কার্যক্রমের সার্বিক অগ্রগতি মূল্যায়ন করা এবং মূল্যায়ন প্রতিবেদন সময়ে সময়ে নির্বাচন কমিশন সচিবালয়কে অবহিত করা;

(১৫) নির্বাচন কমিশন কর্তৃক সময়ে সময়ে প্রদত্ত এ সংক্রান্ত বিশেষ নির্দেশাবলী যথাযথভাবে প্রতিপালন করা;

(১৬) নারী ভোটার রেজিস্ট্রেশনের বিষয়ে সতর্ক দৃষ্টি রাখা এবং বয়স কারচুপি করে যাতে কেউ ভোটার না হতে পারে সে বিষয়ে হালনাগাদ কার্যক্রমে সংশ্লিষ্টগণ সচেতন কিনা তা দেখা।

(১৭) সমন্বয় কমিটি প্রতি সপ্তাহে কমপক্ষে একবার সভায় মিলিত হবে এবং সমন্বয় কমিটি কর্তৃক গৃহীত কার্যক্রম প্রতিবেদন আকারে নির্বাচন কমিশন সচিবালয়কে প্রেরণ করবে।

(মাহফুজা আক্তার)
সিনিয়র সহকারী সচিব(নিঃসঃ-২)
ফোন ঃ ৯১৮০৭৪৭

প্রাপক (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ/মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, ঢাকা
২। সিনিয়র সচিব/সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩। বিভাগীয় কমিশনার,.....(সকল)
৪। মহা পরিচালক, জাতীয় পরিচয় নিবন্ধন অনুবিভাগ, ইসলামিক ফাউন্ডেশন ভবন, ঢাকা
৫। যুগ্ম-সচিব (সকল), নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
৬। জেলা প্রশাসক, ...(সকল)
৭। পুলিশ সুপার,.....(সকল)
৮। প্রধান নির্বাহী কর্মকর্তা, ...সিটি কর্পোরেশন (সংশ্লিষ্ট)
৯। আঞ্চলিক নির্বাহী কর্মকর্তা, ঢাকা সিটি কর্পোরেশন
১০। সিস্টেম ম্যানেজার, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা (নির্বাচন কমিশন সচিবালয়ের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধক্রমে)
১১। মহাপরিচালক, নির্বাচনী প্রশিক্ষণ ইনস্টিটিউট, ঢাকা
১২। আঞ্চলিক নির্বাচন কর্মকর্তা,.....(সকল)
১৩। উপ-পরিচালক, IDEA প্রকল্প, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
১৪। উপ-সচিব/পরিচালক (সকল), নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
১৫। পরিচালক(অপারেশন্স), জাতীয় পরিচয় নিবন্ধন অনুবিভাগ, ইসলামিক ফাউন্ডেশন ভবন, ঢাকা
১৬। পরিচালক (জনসংযোগ), নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
১৭। সিনিয়র জেলা নির্বাচন অফিসার/জেলা নির্বাচন অফিসার,.....(সকল)
১৮। ওয়ার্ড কমিশনার, ...সংরক্ষিত/সাধারণ ওয়ার্ড,.....সিটি কর্পোরেশন (সংশ্লিষ্ট)
১৯। উপজেলা/থানা নির্বাচন অফিসার ও রেজিস্ট্রেশন অফিসার,.....(সংশ্লিষ্ট) (এই প্রজ্ঞাপনের অনুলিপি মুদ্রণপূর্বক উপজেলা সমন্বয় কমিটির আহবায়কসহ সকল সদস্যকে সরবরাহ করার অনুরোধক্রমে)
২০। জনাব..... সদস্য, সিটি কর্পোরেশন সমন্বয় কমিটি/সিটি কর্পোরেশন আঞ্চলিক সমন্বয় কমিটি

নং- ১৭.০০.০০০০.০২৬.৩২.০০৫.১৫-২৩৪ তারিখঃ ৩০ আগস্ট ২০১৫

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলঃ-

১। উপ-পরিচালক, বাংলাদেশ সরকারি মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা (অদ্যকার তারিখে বাংলাদেশ গেজেটের অতিরিক্ত সংখ্যায় প্রকাশ এবং প্রকাশিত গেজেট বিজ্ঞপ্তির ১০০ (একশত) কপি সরকারী কাজে ব্যবহারার্থে সরবরাহ করার জন্য অনুরোধ করা হল।
২। সচিব মহোদয়ের একান্ত সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)
৩। ব্যক্তিগত কর্মকর্তা, অতিরিক্ত সচিব মহোদয়, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা (অতিরিক্ত সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)

(মাহফুজা আক্তার)
সিনিয়র সহকারী সচিব(নিঃসঃ-২)

D:\Halnagad-2015\Letter-1.doc